

# একাদশে ভর্তিতে শেষ ধাপের ফল প্রকাশ

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৮:১১, ২৪ সেপ্টেম্বর ২০২৫



ছবি: সংগৃহীত।

চলতি ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তিতে সবশেষ ধাপে অনলাইন আবেদনের ফল প্রকাশ করা হয়েছে। বুধবার (২৪ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৫টার পর ভর্তি-সংশ্লিষ্ট ওয়েবসাইটে এ ফল প্রকাশ করা হয়।

ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক  
অধ্যাপক মো. রিজাউল হক এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন,  
এটা শেষ ধাপ। এরপর আর অনলাইনে আবেদন নেওয়া হবে না। এ  
ধাপের ফলাফল শিক্ষার্থীদের নিবন্ধিত মোবাইল নম্বরে এসএমএসের  
মাধ্যমে পাঠানো শুরু হয়েছে। কিছুক্ষণের মধ্যে ফল ওয়েবসাইটে  
প্রকাশিত হবে।

---

এম.কে